# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/ ৭০৬১(০৫) তারিখঃ ০২/০৬/২০২২

### সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটির সভা ১৩/০৬/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ২ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৪ | জনাব মোঃ নূরে আলম সিদ্দিক | কাউন্সিলর, ওয়ার্ড নং- ৮ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৫ | জনাব এ.টি.এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। | সদস্য-সচিব | |

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ় করন বিষয়ে আলোচনা।
২। বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।
৩। ড্রেন পরিস্কার বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ মামুনুর রশীদ)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৬
ও
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.....................................................
সদস্য, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটি সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | পৌর মিলনায়তন। |
| তারিখ | ঃ | ১৩/০৬/২০২২ খ্রিঃ। |
| রোজ | ঃ | সোমবার। |
| সময় | ঃ | ১২,০০ ঘটিকা। |

অদ্য ১৩/০৬/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার সময় ঃ ১২:০০ ঘটিকার সময় পৌর মিলনায়তনে 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মামুনুর রশীদ। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য কমিটির সদস্য-সচিব জনাব এ, টি, এম মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

২ নং আলোচ্য সূচী ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা ঃ

আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ বর্জ্য ব্যবস্থাপনা ব্যাপারে সভায় গুরুত্বপূর্ণ আলোচনা করেন। তিনি বলেন জয়পুরহাট পৌরসভায় প্রায় ৪.৯০ একর জায়গার উপর একটি সুন্দর ল্যান্ডফিল তৈরী করা হয়েছে। এই ল্যান্ডফিল তৈরী হওয়ার ফলে জয়পুরহাটের পৌর এলাকার মধ্যে যেখানে সেখানে কেউ আর ময়লা আবর্জনা ফেলতে পারবে না। এতে করে পৌর এলাকার পরিবেশটা অনেক ভাল থাকবে। জয়পুরহাটের কড়ই কাদিপুরে যে ল্যান্ডফিল তৈরী করা হয়েছে এটা অনেক উন্নতমানের ল্যান্ডফিল। এতে বর্জ্য ব্যবস্থাপনার প্রক্রিয়াটি সম্পূর্ণ বৈজ্ঞানিক প্রক্রিয়ায় সম্পূর্ণ হবে। এতে যে পচনশীল বর্জ্য রাখা হবে এটা থেকে পচন প্রক্রিয়ার মাধ্যমে জৈব সার প্রস্তুত করা হবে। এই জৈব সার রাসায়নিক সারের বিকল্প হিসেবে আমরা জমিতে ব্যবহার করতে পারব। এই জৈব সার আমরা বিক্রয় করে যে আয় হবে এতে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এছাড়া ল্যান্ডফিল এ মানুষ্য বর্জ্যের ঠিকভাবে ব্যবস্থাপনার জন্য এফএসটিপি স্থাপন করা হয়েছে। এই এফএসটিপিতে বৈজ্ঞানিক প্রক্রিয়ায় মাধ্যমে মানুষ্য বর্জ্যের ঠিকভাবে ব্যবস্থাপনা করা

হবে। এতে কোন দূর্গন্ধ সৃষ্টি হবে না এবং আশেপাশের পরিবেশের কোন ক্ষতি হবে না। এই ল্যান্ডফিল এর মাধ্যমে পৌরবাসীর জীবনের আমূল পরিবর্তন ঘটিবে বলে আমি মনে করি।

সিদ্ধান্ত : সবাই পৌরসভার ভ্যানগাড়িতে ময়লা দিবে এবং সে ময়লা ল্যান্ডফিল এ সঠিকভাবে ডাম্পিং হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী : **ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা** : ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদ ড্রেন পরিষ্কার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন এখন যেহেতু বর্ষা মৌসুম শুরু হতে যাচ্ছে, এই সময় পৌরসভার সমস্ত ড্রেন ভালভাবে পরিষকার করতে হবে। এই সময়ে ড্রেন ঠিকমত পরিষ্কার করা না হলে, অতিরিক্ত বৃষ্টি হলে এই বৃষ্টির পানি ঠিকমত ড্রেন দিয়ে নিষ্কাশিত না হলে রাস্তা-ঘাট পানির নিচে নিমজ্জিত হবে। এছাড়া যে এলাকাগুলো নিচু এগুলো পানির নীচে তলায়ে যাবে। এতে মানুষের স্বাভাবিক জীবনে অনেক ভোগান্তির সৃষ্টি হবে। এসব ভোগান্তির হাত থেকে রক্ষার জন্য অবশ্যই ড্রেন ভালভাবে পরিষ্কার করতে হবে।

সিদ্ধান্ত : ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মামুনুর রশীদসভায় এ বিষয়ে সবাইকে অবগত করেন যে ড্রেন নিয়মিত পরিষ্কার করার জন্য পৌরসভা থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মামুনুর রশীদ)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৬
ও
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জয়পৌরসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/ ৯০৯৯(০৬) তারিখ : ১৫/০৬/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ......................................, সদস্য, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক কমিটি
৩। অফিস নথি।

(মোঃ মামুনুর রশীদ)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৬
ও
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
# জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটি

সভাপতি ঃ জনাব মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৩/০৬/২০২২ খ্রিঃ।

রোজ ঃ সোমবার ।

সময় ঃ ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মামুনুর রশীদ | কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৪ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৫ | জনাব মোঃ নুরে আলম সিদ্দিক | কাউন্সিলর, ওয়ার্ড নং- ৮ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৬ | জনাব এ.টি.এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। | সদস্য-সচিব | |